গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।
www.masscommunication.gov.bd

নং ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পার্ট-১)/ ১১৩০৮ তারিখ ঃ ৫৬.০৫.২০১৯

বিষয় ঃ **তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সম্বলিত এপ্রিল-২০১৯ (২য় পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।**

গণযোগাযোগ অধিদপ্তর দেশের ৬৪ জেলা এবং পার্বত্য এলাকার ৪ উপজেলাসহ মোট ৬৮ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে মাসিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং শেখ হাসিনা) বিষয়ক আলোচনা সভা, চলচ্চিত্র প্রদর্শনী, কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্ববোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকান্ডের ওপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকান্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের একটি মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

জেলা তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে এপ্রিল-২০১৯ (২য় পক্ষ) মাসের **'জনমত'** প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযোজনী ঃ প্রতিবেদন এক প্রস্থ।

(মোঃ জাকির হোসেন)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন ৮৩৯২২৯৬।
dgmasscommunication@yahoo.com

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণঃ

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সহকারী পরিচালক (বিতরণ), ওয়েবসাইটে প্রকাশের জন্য।

## এপ্রিল-২০১৯ (২য় পক্ষ)

- **জনমত শিরোনাম**

— মুক্তিযুদ্ধের চেতনায় সমৃদ্ধ বাংলাদেশ গড়ার অঙ্গীকারের মধ্য দিয়ে ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত

— তীব্র তাপদাহে জনজীবনে দুর্ভোগ। পানিবাহিত রোগ প্রতিরোধে জনসচেতনতার ওপর গুরুত্বারোপ

— আসন্ন রমজান মাসে নিত্যপণ্যের দাম কমাতে আশু হস্তক্ষেপ কামনা। বাজারে গ্রীষ্মকালীন সবজির সমারোহ

— আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। মৌসুমি ফলে ক্ষতিকর রাসায়নিক পদার্থ মিশ্রণ প্রতিরোধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণের দাবি



Shuvo

## মুক্তিযুদ্ধের চেতনায় সমৃদ্ধ বাংলাদেশ গড়ার অঙ্গীকারের মধ্য দিয়ে ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত।

- বাঙালি জাতির স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধের ইতিহাসে ১৭ এপ্রিল এক অনন্য ঐতিহাসিক দিন। ১৯৭১ সালের ১৭ এপ্রিল তারিখে মুক্তিযুদ্ধকালীন স্বাধীন সার্বভৌম বাংলাদেশের প্রথম সরকার প্রতিষ্ঠিত হয়। ঐতিহাসিক এ দিবসটির তাৎপর্য তুলে ধরে দেশের বিভিন্ন স্থানে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে

- ইতিহাসের মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও জাতীয় চার নেতাসহ মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী অগণিত বীর মুক্তিযোদ্ধাদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপনের মধ্যদিয়ে দেশব্যাপী গত ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে গৃহীত বিভিন্ন কর্মসূচিতে ১৯৭১ সালে মানবতাবিরোধী অপরাধীদের দ্রুত সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করাসহ মুক্তিযুদ্ধের চেতনায় একটি বৈষম্যহীন, অসাম্প্রদায়িক ও সমৃদ্ধ দেশ গড়ার অঙ্গীকার ব্যক্ত করেছে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ জনসাধারণ।

- এদিকে, ঐতিহাসিক মুজিবনগর দিবসকে কেন্দ্র ক'রে বিভিন্ন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসহ বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠন র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করে। এসব কর্মসূচিতে স্কুল-কলেজের শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ করেছে বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে।

## তীব্র তাপদাহে জনজীবনে দুর্ভোগ। পানিবাহিত রোগ প্রতিরোধে জনসচেতনতার ওপর গুরুত্বারোপ।

- চলতি গ্রীষ্ম মৌসুমে তীব্র তাপদাহে জনজীবনে দুর্ভোগ লক্ষ্য করা যাচ্ছে। বৈশাখের দাবদাহে পানিশূন্যতা, ডায়রিয়া, জন্ডিসসহ বিভিন্ন পানিবাহিত রোগ এমন কি হিটস্ট্রোকের মতো ঘটনায় জনমনে কিছুটা উদ্বেগ দেখা দিয়েছে। পাশাপাশি, শিশু ও বৃদ্ধরাই পানিবাহিত রোগে বেশি আক্রান্ত হচ্ছে বিধায় স্বাস্থ্য সুরক্ষায় স্বাস্থ্যসচেতনতার ওপর গুরুত্বারোপ করেছে জনসাধারণ।

Shuvo

## নিত্যপণ্যের দাম কমাতে আশু হস্তক্ষেপ কামনা। বাজারে গ্রীষ্মকালীন সবজির সমারোহ

- বাজারে আটা, চিনি ও ডালের দাম কিছুটা স্থিতিশীল থাকায় ভোক্তারা স্বস্তি প্রকাশ করেছে। তবে, বিভিন্ন স্থানে চাল, পেঁয়াজ, আদা, রসুন ও কাঁচামরিচসহ কয়েকটি নিত্য প্রয়োজনীয় পণ্যের ঊর্ধ্বগতি পরিলক্ষিত হচ্ছে বলে জনমতে জানা গেছে। পাশাপাশি, মাছ-মাংসের দাম ক্রমবর্ধমান থাকায় ভোক্তারা দাম নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ কামনা করেছে।

- এদিকে, বাজারে গ্রীষ্মকালীন নানা রকমের শাক-সবজির সরবরাহ বৃদ্ধি পেলে দাম ভোক্তা সাধারণের ক্রয়-সীমার মধ্য চলে আসবে বলে অভিজ্ঞমহল মতামত ব্যক্ত করেছে।

## আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। মৌসুমি ফলে ক্ষতিকর রাসায়নিক পদার্থ মিশ্রণ প্রতিরোধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণের দাবি

- সারাদেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি সন্তোষজনক বলে জনমতে প্রকাশ। বিভিন্ন অঞ্চলে মাদকদ্রব্যের চোরাচালান বেড়েছে বলে জনমতে জানা গেছে। যুবসমাজকে মাদকের কবল থেকে রক্ষা করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাদকবিরোধী অভিযান জোরদার করার ওপর গুরুত্বারোপ করেছে স্থানীয় সচেতনমহল।

- এছাড়া, বাজারে গ্রীষ্মকালীন ফলমূল বিশেষ করে, তীব্র তাপদাহের কারণে তরমুজ-বাংগি–শসার চাহিদা বৃদ্ধি পাওয়ায় এক শ্রেণির অসাধু চক্র এসব ফলে ক্ষতিকর রাসায়নিক পদার্থ ব্যবহার করছে বলে জনমতে প্রকাশ। পরিপ্রেক্ষিতে জনস্বাস্হ্যের জন্যে ঝুঁকিপূর্ণ ক্ষতিকর পদার্থ মিশ্রণ প্রতিরোধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণের জোর দাবি জানিয়েছে সচেতনমহল।

---

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/প্রতিমা

Shukla
০৫/০৫/২০২২

শুকলা বনিক
তথ্য ও ডকুমেন্টেশন অফিসার (অ.দা.)
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার